অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

জলবায়ুর সপ্তাহ চলাকালীন, গভর্নর হোকল পরিবেশমূলক শিক্ষার কেন্দ্র এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে সহায়তা করার জন্য 7 মিলিয়ন ডোলরের ঘোষণা করেছেন

অনুদানগুলি দূষণের কারণে সব চেয়ে বেশী চাপে থাকা নিউ ইয়র্কবাসীদের অনুপ্রাণিত, জড়িত এবং সমর্থন করার জন্য পরিবেশমূলক শিক্ষার কেন্দ্রগুলির নির্মাণ ও সংস্কারে সহায়তা করে

আবেদনের জমা দেওয়ার তারিখ 22 শে জানুয়ারি, 2025

জলবায়ুর সপ্তাহ উদযাপনে, গভর্নর ক্যাথি হোকল আজ সম্প্রদায়-ভিত্তিক, অলাভজনক, এবং উপজাতীয় সংস্থাগুলির জন্য প্রতিযোগিতামূলক অনুদানের তহবিলের জন্য 7 মিলিয়ন ডলারের ঘোষণা করেছেন, যাতে সম্প্রদায়ের পরিবেশমূলক শিক্ষা কেন্দ্রগুলি তৈরির জন্য বিদ্যমান ফ্যাসিলিটিগুলির নির্মাণ বা সংস্কারে সহায়তা করা যায়, যা পরিবেশগত সচেতনতার উপর ক্লাস এবং প্রোগ্রামগুলি অফার করবে। কেন্দ্রগুলিকে অবশ্যই একটি সুবিধাবঞ্চিত সম্প্রদায় বা পরিবেশগত ন্যায়বিচারের সম্প্রদায়ের মধ্যে অবস্থিত বা সেবা প্রদান করতে হবে এবং পরিবেশ সম্পর্কে অন্বেষণ, আবিষ্কার এবং শেখার জন্য অনুপ্রাণিত করতে সহায়তা করবে।

"পরিবেশ রক্ষার জন্য এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির উপর জলবায়ু পরিবর্তনের অসামঞ্জস্যপূর্ণ প্রভাবগুলির সাথে মোকাবেলা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের উদ্ভাবনী কাজের মধ্যে রয়েছে এটি নিশ্চিত করা যে পরিবেশগত প্রবক্তাদের পরবর্তী প্রজন্মের কাছে প্রকৃতিতে প্রবেশাধিকার থাকে যেখানে তাঁরা বসবাস করেন, কাজ করেন এবং খেলাধুলা করে," **গভর্নর হোকল বলেছেন।** "এই তহবিল দ্বারা সমর্থিত পরিবেশমূলক শিক্ষার কেন্দ্রগুলি দর্শকদের সেই জ্ঞান দিয়ে প্রস্তুত করবে যা তাদের জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে যোগদানের জন্য, ভবিষ্যতের প্রজন্মের জন্য আমাদের পরিবেশকে রক্ষা করতে এবং স্থানীয় সাংস্কৃতিক সংরক্ষণকে আবিষ্কার ও সমর্থন করতে উৎসাহিত করবে।"

নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষার আইন (জলবায়ু আইন) স্বীকার করে যে জলবায়ু পরিবর্তন সব সম্প্রদায়কে সমানভাবে প্রভাবিত করে না এবং ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপের উপর সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে চিহ্নিত করতে মানদণ্ডের উন্নয়ন করার জন্য দায়িত্বের ভার দিয়েছে যাতে কৃতিত্ব নিশ্চিত করা যায় এবং যাতে অন্যথায় কম সংস্থানসম্পন্ন সম্প্রদায়গুলি রাজ্যের আরও পরিচ্ছন্ন, পরিবেশ অনুকূল শক্তির উৎস, দূষণ হ্রাস, পরিচ্ছন্ন বায়ু

এবং উন্নত অর্থনৈতিক সুযোগগুলিতে রাজ্যের ঐতিহাসিক রূপান্তর থেকে উপকৃত হয়। একটি ইন্টারেক্টিভ মানচিত্র এবং রাজ্যব্যাপী সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির একটি তালিকা দেখতে নিউ ইয়র্কের জলবায়ু আইনের ওয়েবসাইটটি দেখুন।

এই অনুদানের সুযোগের জন্য অর্থায়ন রাজ্যের পরিবেশমূলক সুরক্ষার তহবিল (Environmental Protection Fund, EPF) থেকে প্রদান করা হয় এবং নতুন নির্মাণকাজ বা সংস্কার সংক্রান্ত প্রস্তাবের মূলধন খরচ সমর্থন করার জন্য উপলব্ধ। 250,000 ডলার থেকে 3 মিলিয়ন ডলার পর্যন্ত অনুদানগুলি পুরস্কৃত করে সেই শিক্ষার কেন্দ্রগুলিকে তহবিল দেওয়া হবে যেগুলি শহুরে পরিবেশবিদ্যা, পরিবেশমূলক ন্যায়বিচারের চ্যালেঞ্জগুলি, পরিবেশ অনুকূল প্রযুক্তি এবং শহুরে পরিবেশগত স্থায়িত্বের মতো বিস্তৃত বিষয়গুলি অন্বেষণ করে। প্রস্তাবগুলির মধ্যে মূলধন খরচ অন্তর্ভুক্ত থাকতে পারে, যেমন বিল্ডিং বা জমির ক্রয়; নির্মাণ বা সংস্কারের কাজ; একটি ফ্যাসিলিটির সম্প্রসারণ বা আপডেট করা; আসবাবপত্র, ফিক্সচার, এবং সরঞ্জাম ক্রয় করা; এবং প্রযুক্তিগত হার্ডওয়্যারের ক্রয়।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশমূলক সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation)অন্তবর্তীকালীন কমিশনার শন মাহার বলেছেন, "DEC স্বীকার করে যে পরিবেশগত শিক্ষাকে শক্তিশালী করে তোলা রাজ্যব্যাপী সুবিধাবঞ্চিত এবং পরিবেশগত ন্যায়বিচারের সম্প্রদায়গুলিকে প্রভাবিত করছে এমন জলবায়ুর সমস্যাগুলির বিরুদ্ধে লড়াই করার জন্য বাস্তব পদক্ষেপকে সমর্থন করার জন্য গুরুত্বপূর্ণ। পরিবেশমূলক শিক্ষার কেন্দ্রগুলি ব্যক্তি, পরিবার এবং গ্রুপগুলির জন্য বিভিন্ন অ্যাক্সেসযোগ্য প্রোগ্রাম এবং পরিষেবাগুলি প্রদান করে এবং মূল্যবান সম্প্রদায়ের সম্পদ হিসাবে কাজ করে যেখানে লোকেরা অনুষ্ঠানগুলি করতে, সাংস্কৃতিক সংরক্ষণ এবং পরিবেশগত স্টুয়ার্ডশিপ সম্পর্কে শিখতে, সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা তৈরি করতে এবং সম্প্রদায়ের জলবায়ু কর্মে নিয়োজিত হতে একত্রিত হন।"

একটি কেন্দ্রের জন্য সম্ভাব্য ব্যবহার বা প্রোগ্রামিংযে অন্তর্ভুক্ত:

- অভ্যন্তরীণ বায়ু দূষণ এবং অভ্যন্তরীণ বায়ু দূষণের এক্সপোজার কমাতে মডেলিংয়ের পদ্ধতি সম্পর্কে শিক্ষা;
- পরিবেশগত ন্যায়বিচারের চ্যালেঞ্জ সম্পর্কে শিক্ষা;
- সাংস্কৃতিক সংরক্ষণ এবং পরিবেশগত স্টুয়ার্ডশিপ;
- পরিবেশ অনুকূল চাকরির প্রশিক্ষণ এবং শিক্ষা;
- প্রোগ্রাম, তথ্য এবং প্রদর্শনী যা স্থানীয় পরিবেশ সম্পর্কে সচেতনতা এবং স্টুয়ার্ডশিপ বাড়ায়;
- স্থায়ী উন্নয়নের মডেল, যার মধ্যে রয়েছে LEED গ্রিন বিল্ডিং সার্টিফিকেশন, সবুজ পরিকাঠামো, এবং কৃষি;
- উদ্ভাবনী স্থাপত্য বা প্রকৌশল প্রদর্শনগুলি সহ চরম আবহাওয়ার আশ্রয়;
- গবেষণা ও পর্যবেক্ষণের প্রোগ্রাম, যা জলাশয় সংক্রান্ত সমস্যা, সম্মিলিত নর্দমার ওভারফ্লো, যানবাহনের নির্গমন, শক্তির উৎপাদন, কঠিন বর্জ্য স্থানান্তরের কার্যক্রম এবং/অথবা পরিবেশ সংক্রান্ত অন্যান্য সমস্যাগুলির উপর দৃষ্টি নিবদ্ধ করে;

- স্থানীয় সম্প্রদায়-ভিত্তিক সংস্থা, সম্প্রদায়ের অনুষ্ঠান এবং কর্মশালার জন্য কমিউনিটি স্পেস;
- STEAM-এ K-12 শিক্ষামূলক প্রোগ্রামিং যার মধ্যে বাস্তুবিদ্যা, পরিবেশগত ক্ষতি/ঝুঁকি/সমস্যা, সবুজ প্রযুক্তি এবং পরিবেশগত স্থায়িত্ব অন্তর্ভুক্ত থাকতে পারে;
- ইকোলজি, সবুল শক্তির প্রযুক্তি এবং পরিবেশগত স্থায়িত্বে কলেজ স্তরের ইলেকটিভস; এবং
- বাহ্যিক উপাদান যেমন সম্প্রদায়ের বাগান বা খামার।

সমস্ত আবেদনগুলির শেষ জমা দেওয়ার সময় 22 জানুয়ারি, 2025, বিকাল 3টা। আবেদনসমূহের অনুরোধটি (RFA) শুধু দ্য স্টেটওয়াইড ফিনানশিয়াল সিস্টেম অফ নিউ ইয়র্ক (ny.gov) (SFS)-এর মাধ্যমে অনলাইনে পাওয়া যায়। অলাভজনক সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলিকে অবশ্যই নিবন্ধিত হতে হবে এবং আবেদন করার জন্য SFS-এ প্রাক-যোগ্য হতে হবে।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 150টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ুর পদক্ষেপকে অগ্রসর করা

অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটির বায়ু পর্যবেক্ষণের উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তনের সাথে মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন